**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 11-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM Visit-Dental College :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার আগরতলা ডেন্টাল কলেজে গবেষণা ও প্রশিক্ষণ পরিকাঠামো আরও শক্তিশালী করার পরিকল্পনা গ্রহণ করেছে| এই লক্ষ্যে কলেজের চিকিৎসকদের কাছ থেকেও বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাব গ্রহণ করা হয়েছে| গতকাল আগরতলার ডেন্টাল কলেজ পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের এখবর জানান| মুখ্যমন্ত্রী জানান, কলেজের চিকিৎসা পরিষেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কলেজের অধ্যক্ষ, বিশিষ্ট চিকিৎসক ও স্বাস্থ্য দপ্তরের পদস্থ আধিকারিকদের নিয়ে বৈঠক করেন।

মুখ্যমন্ত্রী জানান, ডেন্টাল কলেজের হোস্টেল নির্মাণের কাজ দ্রুততার সঙ্গে শেষ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে৷

#######Byte-CM#######

********************

## National Fish Farmers' Day :

গতকাল ছিল জাতীয় মৎস্যচাষী দিবস | এই উপলক্ষে লেম্বুছড়ায় মৎস্য মহাবিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার মৎস্য চাষে স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে কাজ করে চলছে |

রাজ্যে স্থানীয় মাছের চাহিদা বেশি, তাই মাছের চাষ সবচেয়ে লাভজনক বলেও অভিমত ব্যক্ত করেন মৎস্যমন্ত্রী।

এদিকে, জাতীয় মৎস্য চাষী দিবস উপলক্ষ্যে গতকাল ধলাই জেলার আভাঙ্গা মৎস্য তত্ত্বাবধায়ক উদ্যোগে গারদটিলা মৎস্য চাষী প্রশিক্ষণ কেন্দ্রে মাছের প্রজননের বিষয়ে কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে ২ জন মৎস্য চাষী এবং ১টি স্ব-সহায়ক দলকে মৎস চাষে উল্লেখযোগ্য সাফল্যের জন্য পুরস্কৃত করা হয়।

এছাড়া, গতকাল রাজ্যভিত্তিক জাতীয় মৎস্য চাষী দিবস পালিত হয় খোয়াই জেলার কল্যাণপুরে | সেখানে প্রধান অতিথি এবং উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন মৎস্য, পশুপালন ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস।

***********************

**NITI Ayog :**

রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদগুলোকে শক্তিশালী করার জন্য নীতি আয়োগ একটি রোডম্যাপ তৈরি করেছে। গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং,এই রোডম্যাপের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান সুমন বেরি এবং নীতি আয়োগের সদস্য ড. ভি কে সারস্বত। নীতি আয়োগের মতে, এই রোডম্যাপে, রাজ্যের বিজ্ঞান প্রযুক্তি পরিষদগুলোর ভূমিকা ও কার্মসূচী শক্তিশালী করার জন্য একটি কৌশলগত দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়েছে ।এটি পরিকাঠামোগত সুবিধা-অসুবিধা তুলে ধরবে, সুযোগ সুবিধা সম্প্রসারন করবে এবং সংস্কারের অগ্রাধিকারের চিত্র তুলে ধরবে

যা রাজ্যের বিজ্ঞান প্রযুক্তি পরিষদগুলোকে আঞ্চলিক উদ্ভাবন, বৈজ্ঞানিক উন্নতি এবং সুস্থায়ী উন্নয়নের উচ্চ সক্ষমতায় নিয়ে যেতে পারবে।

**********************

**Railway Recruitment :**

ভারতীয় রেল চলতি অর্থবছরের প্রথম তিনমাসে ৯,000-এরও বেশি নিয়োগপত্র প্রদান করেছে| একইসাথে রেলওয়ে জানিয়েছে যে, চলতি অর্থবছরের মধ্যে ৫0,000-এরও বেশি চাকুরী প্রদান করা হবে। তাছাড়া আগামী অর্থবছরেও আরো ৫0 হাজারের বেশি চাকুরী প্রদানের কথা ঘোষণা করেছে ভারতীয় রেল|

*******************

**Railway Ministry :**

ভারতীয় রেলওয়ে মালবাহী পন্য পরিবহন সংস্থা dedicated ফ্রেইট করিডর কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড DFCCIL এর সাথে একটি সমঝোতা স্মারক বা (MoU) স্বাক্ষর করেছে যা কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মেশিন লার্নিং ভিত্তিক পরিদর্শন সিস্টেমের মাধ্যমেট্রেন চলাচলের নিরাপত্তা বাড়াবে। রেলওয়েমন্ত্রক এই পদক্ষেপটিকে কার্যকরী পরিষেবা উন্নয়ন এবং রোলিং স্টকের রক্ষণাবেক্ষণ স্বয়ংক্রিয় করতে আধুনিক প্রযুক্তি গ্রহণের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বর্ণনা করেছে। এই প্রযুক্তির মাধ্যমে ট্রেন চলাচলের নিরাপত্তা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি, ম্যানুয়াল পরিদর্শন কম করা এবং সম্ভাব্য দুর্ঘটনা

এড়াতে ও রেল পরিষেবায় বিঘ্ন এড়াতে সাহায্য করার উদ্দেশ্য সাধন করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

*********************

**Rajib Bhattacharjee & Ashok kr Mitra Visited shelter Houses in Belonia :**

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল বিলোনিয়া মহকুমার আমজাদনগর, বিকেআই ও বল্লামুখার আশ্রয় শিবিরগুলিতে গিয়ে শিবিরে থাকা মানুষজনদের সঙ্গে কথা বলে সুবিধা-অসুবিধার বিষয়ে খোঁজ খবর নেন।দলীয় নেতাদের সঙ্গে নিয়ে তিনি শিবিরে থাকা লোকজনদের মধ্যে শুকনো খাবারও বিতরণ করেন। বিধায়ক অশোক কুমার মিত্রও গতকাল আমজাদনগর আশ্রয় শিবির, ঋষ্যমুখ বিধানসভার ঝরঝরি শিবির সহ বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন। তিনি ক্ষতিগ্রস্ত মানুষদের অসুবিধাগুলি প্রশাসনের নজরে নেবেন বলে জানান।

**********************

**CPIM Deputation :**

বিদ্যুৎ পরিষেবার উন্নতি, মিটার রিডিং এর স্বচ্ছতা বজায় রাখা সহ পাঁচ দফা দাবিতে রাজ্য বিদ্যুৎ নিগমের কদমতলা সাব-ডিভিশন অফিসে সিপিআইএম-এর পক্ষ থেকে গতকাল ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনে নেতৃত্ব দেন বিধায়ক ইসলাম উদ্দিন।

********************

**Ek Ped Maa ka Naam :**

ইন্টিগ্রেটেড ইউথ অফ ত্রিপুরার উদ্যোগে গতকাল কুঞ্জবনস্থিত কুমারীটিলা এলাকায় 'এক পেড় মা কে নাম' কর্মসূচির অঙ্গ হিসেবে বৃক্ষরোপণ করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর জয়া ধানুক, ইন্টিগ্রেটেড ইউথ অফ ত্রিপুরার সম্পাদক সত্যজিৎ নাহা প্রমুখ।

******************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া রাজ্যের সিপাহিজলা, গোমতী, দক্ষিণ ও পশ্চিমজেলার কোথাও কোথাও ভারি বর্ষণের সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৩৬.২ মিলিমিটার।

**********************

**********************